

অভিবাসন সম্পর্কিত পাবলিক চার্জের নিয়মের বদল, মার্কিন যুক্তরাষ্ট্রের

হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ (U.S. Department of Homeland Security) সম্পর্কে আপনাকে যা জানতে হবে

24 ফেব্রুয়ারি, 2020 তারিখে, যুক্তরাষ্ট্রীয় সরকারের সম্প্রসারিত পাবলিক চার্জ নিয়ম কার্যকর হতে যাচ্ছে।

নতুন পাবলিক চার্জ নিয়মের কারণে কি আমাকে কোনও সুবিধা থেকে বিনখিভুক্ত হতে হবে?

আপনার সুনির্দিষ্ট পরিস্থিতি সম্পর্কে কোনও অভিবাসন বিশেষজ্ঞের সঙ্গে কথা বলার আগে আপনার কোনও সুবিধা থেকে বিনখিভুক্ত হওয়া উচিত নয়। আইনি পরিশেবা ও অতিরিক্ত সংস্থানে প্রবেশ পেতে নিউ ইয়র্ক স্টেটের নিউ আমেরিকানস হটলাইনে (New Americans Hotline) 1 (800) 566-7636 নম্বরে যোগাযোগ করুন।

“পাবলিক চার্জ” কী?

পাবলিক চার্জ হল অভিবাসনের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্রীয় সরকারের একটি নির্ধারণ যার সংজ্ঞা হল এমন কেউ যিনি সরকারি সুবিধার উপর নির্ভরশীল বা তা হওয়ার সম্ভাবনা রয়েছে। পাবলিক চার্জ পরীক্ষাটি সেই অভিবাসীদের উপর প্রযুক্ত হয় যারা গ্রীন কার্ডের আবেদন করছেন অথবা নিজেদের স্থিতি সমন্বিত করছেন।

নতুন নিয়মে কী হবে?

একজন অভিবাসীকে পাবলিক চার্জ বলে ধরে নেওয়া হলে তাদের গ্রীন কার্ডের আবেদন এবং অভিবাসনের অন্যান্য বিশেষ কিছু সুবিধা প্রত্যাখ্যান করা হতে পারে। এর আগে, কেউ নগদ সহায়তার মতো নির্দিষ্ট কিছু সুবিধা পেলে তাদের পাবলিক চার্জ বলে বিবেচনা করা হতে পারতো। এখন, কেউ পাবলিক চার্জ কিনা বা হতে পারেন কিনা তা নির্ধারণে যুক্তরাষ্ট্রীয় সরকার কোন কোন প্রকারের সরকারি সুবিধাগুলিকে বিবেচনা করা হবে তা সম্প্রসারিত করেছে। 24 ফেব্রুয়ারি, 2020 তারিখ থেকে শুরু করে:

- অতিরিক্ত সরকারি কার্যক্রমগুলিকে পাবলিক চার্জের পরীক্ষায় বিবেচনা করা হবে, যার মধ্যে পড়ে:
 - Medicaid (গর্ভবতী বা 21 বছরের কম বয়সী না হলে)
 - SNAP/ফুড স্ট্যাম্প
 - ধারা 8-এর মতো যুক্তরাষ্ট্রীয় আবাসন কেন্দ্র এবং NYCHA বা বাফেলো মিউনিসিপাল হাউজিং অথরিটি (Buffalo Municipal Housing Authority) এর মতো যুক্তরাষ্ট্রীয় সহায়তা প্রাপ্ত সরকারি আবাসন
- কেউ পাবলিক চার্জে পরিণত হবে কিনা তা পরীক্ষা করতে আয়ের মাত্রা স্থাপন করা
- এগুলি সহ অন্যান্য বিষয়ের বিবেচনা: ইংরেজির দক্ষতা এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্য

আবেদনকারীরা এখনও তারা কেন “পাবলিক চার্জ” হবেন না সেই মর্মে নিজেদের জন্যে একটি মামলা করতে পারেন

- 24 ফেব্রুয়ারি, 2020 তারিখের আগে পাওয়া অতিরিক্ত সুবিধাগুলি (SNAP, Medicaid, ধারা 8)।
- আবেদনকারীর পরিবারের পাওয়া সুবিধাগুলি – কেবলমাত্র আবেদনকারীর নিজের পাওয়া সুবিধাগুলিকে বিবেচনা করা হবে।

- স্বাস্থ্য সুবিধা, যেমন NYS Essential Plan, Child Health Plus, Qualified Health Plans বা উন্নত প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট।

নতুন নিয়মে কারা প্রভাবিত হবেন?

পাবলিক চার্জ পরীক্ষা সাপেক্ষে যে কোনও ব্যক্তি, যার মধ্যে এগুলির জন্য আবেদন করা ব্যক্তি বাও অন্তর্ভুক্ত:

- মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ (আইনগত স্থায়ী বাসিন্দাগণ (LPR) সহ, যারা 180 দিনের বেশি না থাকার পরে আবার প্রবেশের চেষ্টা করেন);
- বিদেশের দূতাবাসে অভিবাসী বা অনভিবাসী ভিসা;
- LPR স্থিতির সমন্বয়;
- বর্তমান অভিবাসী বা অনভিবাসী স্থিতির সম্প্রসারণ।

নতুন নিয়ম এইসব ক্ষেত্রে প্রযোজ্য হবে না:

- বেশিরভাগ আইনগত স্থায়ী বাসিন্দা (গ্রীন কার্ডধারীরা)
- VAWA স্ব-আবেদনকারীরা
- U বা T ভিসা আবেদনকারী/প্রাপ্তরা
- সাময়িক সুরক্ষিত স্থিতির আবেদনকারীরা
- উদ্বাস্তু ও শরণার্থীরা
- নাগরিকত্বের আবেদনকারীরা

NY স্বাস্থ্য কার্যক্রম অথবা ধারা 8 বা যুক্তরাষ্ট্রীয় সরকারি আবাসনের মতো আবাসন কার্যক্রমে থাকা বেশিরভাগ মানুষ নতুন বিধি দ্বারা প্রভাবিত হবেন না, কারণ এইসব কার্যক্রমের যোগ্যতা নাগরিকদের এবং পাবলিক চার্জ পরীক্ষা দিতে হয়নি এমন সীমিত সংখ্যক অ-নাগরিকদের মধ্যে সীমাবদ্ধ।

কোনও পাবলিক চার্জ পরীক্ষা আপনার উপর কীভাবে প্রযোজ্য তার সম্পর্কে জানতে একজন অভিবাসন বিশেষজ্ঞের সাথে কথা বলুন।

যুক্তরাষ্ট্রীয় ভর্তুকিয়ুক্ত আবাসনগুলিতে মিশ্র স্থিতির পরিবারগুলির কী হবে?

নতুন বিধি প্রস্তাবিত HUD “মিশ্র-স্থিতি” নিয়মের মতো নয়, যেটি কেবল আবাসনকেই প্রভাবিত করে। প্রস্তাবিত HUD বিধি “মিশ্র-স্থিতির” পরিবারগুলিকে যুক্তরাষ্ট্রীয় সরকারের দেওয়া ভর্তুকিয়ুক্ত আবাসনে একসাথে বসবাস করা নিষিদ্ধ করবে (ধারা 8 এবং যুক্তরাষ্ট্রীয় সরকারি আবাসন সহ)। **প্রস্তাবিত HUD বিধি কার্যকর নেই।** এটি কার্যকর হলে যে পরিবারগুলির প্রতিটি সদস্যই এই যুক্তরাষ্ট্রীয় আবাসন সুবিধাগুলি পাওয়ার যোগ্য, কেবলমাত্র সেই পরিবারগুলিই ঐ আবাসনে বাস করতে পারবে।

আইনি পরিশেবা ও অতিরিক্ত সংস্থানগুলিতে
প্রবেশ পেতে

1 (800) 566-7636

নম্বরে নিউ ইয়র্ক স্টেটের নিউ আমেরিকানস

হটলাইনে
যোগাযোগ করতে হবে।